



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd
email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং-মাউশিবোদি/বিনি/নাম সংশোধন/২০২২/১২০(০৮)

তারিখ : ২৮/০৯/২০২২ খ্রিঃ।

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত নামের পরিবর্তে পূর্ণনাম ব্যবহার প্রসঙ্গে।

সূত্রঃ মাউশিবোদি/প্রশাঃ/৭২২৯(০৪), তারিখঃ ২৬/০৯/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর আওতাধীন নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বিগত ২৫/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নামের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হচ্ছে তা সংশোধন পূর্বক নামের পূর্ণরূপ ব্যবহার নিশ্চিত করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের নামের সংক্ষিপ্ত রূপ হতে পূর্ণরূপে সংশোধনের জন্য ২০০০/- (দুই হাজার) টাকার সোনালী সেবা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রমাণিক কাগজপত্রাদি ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদনসহ আগামী ১৬/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট

নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর:

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

স্মারক নং-মাউশিবোদি/বিনি/নাম সংশোধন/২০২২/১২০(০৮)

তারিখ : ২৮/০৯/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১. সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২. পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
০৩. উপ-বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
০৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
০৫. পি এস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
০৬. ওয়েব কপি।
০৭. অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর: ২৬/০৯/২০২২

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

২৮-০৯-২০২২